

রাষ্ট্রপতির সচিবালয়, গণভবন, ঢাকা।

প্রজ্ঞাপন

১২ই মার্চ, ১৯৭৫

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রভাষা বাংলা।

বাংলা আমাদের জাতীয় ভাষা।

তবুও অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করেছি যে, স্বাধীনতার তিন বৎসর পরেও  
অধিকাংশ অফিস-আদালতে মাতৃভাষার পরিবর্তে বিজাতীয় ইংরেজী ভাষায়  
নথিপত্র লেখা হচ্ছে।

মাতৃভাষার প্রতি যার ভালবাসা নেই, দেশের প্রতি তার ভালবাসা আছে একথা  
বিশ্বাস করতেই কষ্ট হয়।

দীর্ঘ তিন বৎসর অপেক্ষার পরও বাংলাদেশের বাঙালী কর্মচারীরা ইংরেজী ভাষায়  
নথি লিখবেন সেটা অসহনীয়।

এ সম্পর্কে আমার পূর্ববর্তী নির্দেশ সত্ত্বেও এ ধরনের অনিয়ম চলছে। আর এ  
উচ্ছ্বেষণে চলতে দেয়া যেতে পারে না।

এ আদেশ জারী হওয়ার সঙ্গে সঙ্গে সকল সরকারী, স্বায়ত্ত্বাস্তিত সংস্থা ও আধা-  
সরকারী অফিসসমূহে কেবলমাত্র বাংলার মাধ্যমে নথিপত্র ও চিঠিপত্র লেখা হবে  
এ বিষয়ে কোন অন্যথা হলে উক্ত বিধি লংঘনকারীকে আইনানুগ শাস্তি দেবার  
ব্যবস্থা করা হবে।

বিভিন্ন অফিস-আদালতের কর্তব্যক্রিগণ সতর্কতার সাথে এ আদেশ কার্যকরী  
করবেন এবং আদেশ লংঘনকারীদের বিরুদ্ধে শাস্তি ব্যবস্থা করবেন। তবে  
কোন বিদেশী সংস্থা বা সরকারের সাথে পত্র যোগাযোগ করার সময় বাংলার সাথে  
ইংরেজী অথবা সংশ্লিষ্ট ভাষায় একটি প্রতিলিপি পাঠানো প্রয়োজন।

তেমনিভাবে বিদেশের কোন সরকার বা সংহ্রার সাথে চুক্তি সম্পাদনের সময়ও  
বাংলার সাথে অনুমোদিত ইংরেজী বা সংশ্লিষ্ট ভাষার প্রতিলিপি ব্যবহার করা  
চলবে।

শেখ মুজিবুর রহমান  
রাষ্ট্রপতি।”